# বার্ষিকপ্রতিবেদন

## ২০২৩-২০২৪খ্রিঃ

**উপজেলাসমবায়কার্যালয়**

**নাটোরসদর, নাটোর।**

# উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর এর বার্ষিক প্রতিবেদন প্রকাশ : ২০২৩-২০২৪

## *উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর এর বিগত ০৩ বৎসরের অর্জিত সাফল্য :*

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে । কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে এ জেলায় উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়। বিগত তিন বছরে মোট ৩২ টি নতুন সমবায় সমিতি গঠন এবং ৬৪০ জন কে নতুনভাবে সমবায়ে সদস্যভুক্ত করা হয়েছে। ভ্রাম্যমাণ টিমের মাধ্যমে ১০০ জন সমবায়ীকে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। 'সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণ প্রকল্প' এবং 'ফ্যামিলী ওয়েলফেয়ার প্রকল্প' এর আওতায় সৃষ্ট আবর্তক তহবিল হতে কোন সমবায়ী উদ্যোক্তাকে কোন ঋণ প্রদান করা হয়নি। চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৭০ জনের স্ব-কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে। ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোকে সমবায় অধিদপ্তর কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পের কিছু কার্যক্রম এ উপজেলা সমবায় বিভাগে বাস্তবায়ন করা হচ্ছে। বাস্তবায়িত ও চলমান এ সকল প্রকল্পগুলোর মাধ্যমে বিগত ০৩ বছরে ১৭০ জন গ্রামীণ মহিলা ও বেকার যুবককে স্বাবলম্বী করা হয়েছে। এছাড়া প্রধানমন্ত্রীর দপ্তরের আশ্রয়ণ প্রকল্পের আওতায় ৫৯৭১০০০/- টাকা ঋণ বিতরণ এবং ৪৮৭১২৩০/- টাকা আদায় করা হয়েছে। অত্র উপজেলায় ৬০টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সামতি রয়েছে। যার মোট সদস্য সংখ্যা ১৬৪৫ জন। সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়াধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন" শীর্ষক প্রকল্প এর আওতাধীন নাটোর জেলার সদর উপজেলায় ২৫১ জন মহিলাদের মাঝে ৪৭৪০০০০০/- টাকা ঋন প্রদান করা হয়েছে। অক্টোবর/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত মোট ২৫৯০৭০০০/-টাকা ঋন আদায় করা হয়েছে। ২৫১ জন মহিলা সদস্য প্রত্যেকেই ২টি করে মোট ৪৯৬টি প্রায় গাভী ক্রয় করে নিজেরা লালন-পালন করে থাকেন। ৪৯৬টি গাভীর মধ্যে ২৩০ টি গাভী প্রত্যেকদিন গড়ে ২৪৮০/- লিটার দুধ দেয়। এতে করে গ্রামীণ মহিলারা আর্থিকভাবে স্বাবলম্বীন হচ্ছে। যা সমবায় দপ্তরের একটি মাইল ফলক ।

## *সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ*

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে রাজশাহী বিভাগের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে নাটোর উপজেলা সমবায় কার্যালয়ের চ্যালেঞ্জ বহুবিধ। সমবায় সমিতিতে সুশাসন প্রতিষ্ঠার জন্য পরিদর্শন, নিরীক্ষাসহ অন্যান্য বিধিবদ্ধ পদ্ধতি ব্যবহার করে নিবিড়ভাবে মনিটরিং করা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান এ সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপকভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

## *ভবিষ্যৎ কর্মপরিকল্পনাঃ*

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যস্ত সমবায় সমিতি অবসায়ন কার্যক্রম দ্রুত নিষ্পত্তি করা, উপজেলা ভিত্তিক নির্দিষ্ট সংখ্যক সমবায় সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে উপজেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা এবং ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায়ী উদ্যোক্তা সৃষ্টি ও স্ব-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। এছাড়া সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী, সুবিধাবঞ্চিত অনগ্রসর জনগোষ্ঠীর মহিলাদের সরাসরি ও বিকল্প কর্মসংস্থান সৃষ্টি, সামাজিক ও আর্থিক বৈষম্য হ্রাস এবং জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণের নিমিত্ত সমবায় অধিদপ্তরে সুনির্দিষ্ট প্রস্তাব দাখিল করা হবে।

০১। উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর অফিসের জনবল সম্পর্কিত তথ্যঃ

| ক্রঃ নং | পদবী | মঞ্জুরীকৃত পদ | শূন্য পদ |
|---|---|---|---|
| ১ | উপজেলা সমবায় অফিসার | ১ | - |
| ২ | সহকারী পরিদর্শক | ২ | - |
| ৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর | ১ | - |
| ৪ | অফিস সহায়ক | ১ | - |

## তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তা :

| দপ্তরের/কার্যালয়ের নাম | তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী ও ফোন নম্বর | আপীল কর্মকর্তার নাম, পদবী ও ফোন নম্বর |
|---|---|---|
| উপজেলা সমবায় কার্যালয়<br>নাটোর সদর, নাটোর। | মঞ্জিরা পারভীন<br>উপজেলা সমবায় অফিসার<br>নাটোর সদর, নাটোর।<br>ফোন : ০২৫৮৮৮৭৪১৯২ | মোঃ হোসেন শহীদ<br>জেলা সমবায় কর্মকর্তা<br>নাটোর।<br>ফোন : ০২৫৮৮৮৭২৩৮৭ |

০২। সমবায় সমিতির সংখ্যা সম্পর্কিত তথ্য :

ক )কেন্দ্রীয় সমবায় সমিতি :

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৩. |
| ১. | কেন্দ্রীয় সাধারন | ৪ |
| ২. | কেন্দ্রীয় বিআরডিবি | ৩ |
| | মোট= | ৭ |

খ)প্রাথমিক সমবায় সমিতি :

| ক্রঃ নং | সমিতির শ্রেণী | সংখ্যা |
|---|---|---|
| ১. | ২. | ৪. |
| ১. | প্রাথমিক সাধারন | ২৬৬ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ৫৪৬ |
| | মোট= | ৮১২ |

০৪. ২০২১-২০২২ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্য :

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ২ | ২ | - |
| প্রাথমিক সমিতি | ২৩০ | ২৩০ | - |
| মোট | ২৩২ | ২৩২ | - |

০৫. ২০২২-২০২৩ খ্রিষ্টাব্দের নিরীক্ষা/অডিট সংক্রান্ত তথ্য :

| সমিতির শ্রেণী | অডিট বরাদ্দ | অডিট সমাপ্ত | অডিট সম্পাদন বাকী |
|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. |
| কেন্দ্রীয় সমিতি | ০৩ | ০৩ | - |
| প্রাথমিক সমিতি | ২২৪ | ২২৪ | - |
| মোট | ২২৭ | ২২৭ | - |

০৬. কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সমিতির সংখ্যা :

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| কেন্দ্রীয় সাধারন | ২৮৪ |
| কেন্দ্রীয় বিআরডিবি | ৫৪৬ |
| মোট | ৮৩০ |

০৭. প্রাথমিক সমবায় সমিতির সদস্য  সংখ্যা :

| সমিতির প্রকার | সদস্য সংখ্যা |
|---|---|
| ১. | ২. |
| প্রাথমিক বিআরডিবি সমিতি | ৫৪৬ |
| প্রাথমিক সাধারন সমিতি | ৫৬২৫০ |
| মোট | ৫৬৭৯৬ |

০৮সমিতির আদায়কৃত মূলধন :

| ক্রঃনং | সমিতির প্রকার | সমিতির সংখ্যা | শেয়ার (লক্ষ টাকায়) | সঞ্চয় (লক্ষ টাকায়) | কার্যকরী মূলধন (লক্ষ টাকায়) |
|---|---|---|---|---|---|
| ১. | প্রাথমিক সাধারন | ২৬৬ | ২৪১.৯৮ | ৩৫৭.২৩ | ৫৯৯.২১ |
| ২. | প্রাথমিক বিআরডিবি | ৫৪৬ | ১৫৮.১৩ | ৩১৫.৬৭ | ১৫৫০.০০ |
|  | মোট | ৮১২ | ৪০০.১১ | ৬৭২.৯০ | ২১৪৯.২১ |

০৯. সমিতির নিরীক্ষা/অডিট ফি :

| বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২২-২৩ | ২১৫৪০০ | ২১৫৪০০ | - | - | ১০০% |
| ২০২১-২২ | ১৯২২২০ | ১৯২২২০ | - | - | ১০০% |
| ২০২০-২১ | ১২৬৪৩০ | ১২৬৪৩০ | - | - | ১০০% |

১০. সমিতির সমবায় উন্নয়ন তহবিলঃ

| বৎসর | ধার্য | আদায় | মওকুফ | বাকী | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ২০২২-২৩ | ২৯০৭৫১ | ২৯০৭৫১ | - | - | ১০০% |
| ২০২১-২২ | ২৫৫২৬৬ | ২৫৫২৬৬ | - | - | ১০০% |
| ২০২০-২১ | ২৪৮৩৪২ | ২৪৮৩৪২ | - | - | ১০০% |

১১.নিজস্ব তহবিল থেকে কর্জ দাদন সংক্রান্ত তথ্যঃ

| নিজস্ব তহবিল থেকে কর্জ দাদনকৃত সমিতির সংখ্যা | দাদনকৃত কর্জের পরিমান (লক্ষ টাকায়) | কর্জ আদায়ের পরিমান (লক্ষ টাকায়) | আদায়ের হার |
|---|---|---|---|
| ২০১ | ৪৯৫১.০৭ | ২৬৪৩.৪৩ | ৫৩% |

১২. লভ্যাংশ বিতরণ সংক্রান্ত তথ্যঃ

| অডিট বর্ষ | লভ্যাংশ বিতরণকারী সমিতির সংখ্যা | লভ্যাংশ বিতরণের পরিমান | লভ্যাংশ গ্রহনকৃত সদস্য সংখ্যা |
|---|---|---|---|
| ২০২২-২৩ | ২১২ | ৫৪৬৭০২৩ | ৯১৫০ |
| ২০২১-২২ | ৪১ | ৫৫০১২২০ | ৭৯৫২ |
| ২০২০-২১ | ২৬ | ৪৮০১০০০ | ৮৮৯১ |

১৩. আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২ প্রকল্পের তথ্যঃ

| ক্রঃ নং | প্রকল্পের নাম/উপজেলার নাম | প্রকল্পের সংখ্যা | সমিতির সংখ্যা | নির্মিত ব্যারাক সংখ্যা | পূর্নবাসিত পরিবার | আবাস থেকে ছাড়কৃত ঋণের পরিমাণ | চলতি মাস পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমান(ক্রমপুঞ্জিভূত) | ঋণগ্রহনকারীর সংখ্যা | চলতি মাস পর্যন্ত আদায়কৃত ঋণের পরিমান সাঃ চার্জসহ | খেলাপী ঋণের পরিমান |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | মহেষা আশ্রয়ন-২ | ১ | ১ | ০৮ | ৮০ | ৭৮৬০০০ | ৩৪৩০০০০ | ১৩০ | ৩০২০৮১৪ | ৬৩২৬৫০ |
| ২ | চরতেবাড়ীয়া ফেইজ-২ | ১ | ১ | ১২ | ১২০ | ৮৪০০০০ | ২৫৪৪১০০ | ১৭১ | ১৮৫০৪১৬ | ৬৯০৯৯৭ |
| | মোট | ২ | ২ | ২০ | ২০০ | | | | | |

১৪. ভ্রাম্যমান প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | | চলতি মাসে প্রশিক্ষন প্রদান | | চলতি মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | কোর্সের সংখ্যা | সমবায়ীর সংখ্যা | কোর্সের সংখ্যা | সমবায়ীর সংখ্যা | কোর্সের সংখ্যা | সমবায়ীর সংখ্যা | |
| | নাটোর | ৪ | ১০৫ | - | - | ৪ | ১০০ | |

১৫. প্রশিক্ষন সংক্রান্ত তথ্যঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | কোর্সের নাম | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | নাটোর | সেলাই | ৩ | ৬০ জন নারী | |
| ২ | ” | রেফ্রিজারেটর | ১ | ২০ জন পুরুষ | |
| | | মোট= | ৪ | ৮০ জন | |

<u>১৬.</u> সমবায় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়াধীন উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন” শীর্ষক প্রকল্প:-

| ক্রঃ নং | প্রকল্পের নাম | উপকারভোগী সদস্য সংখ্যা | ঋণ দাদানের পরিমান (লক্ষ) টাকায় | অক্টোবর/২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (লক্ষ) টাকায় | ক্রয়কৃত গাভী |
|---|---|---|---|---|---|
| | কামারদিয়ার | ১২৯ | ২৪৪.০০ | ১৩৬.৪৭ | ২৮২ |
| | চাঁদপুর | ১২২ | ২৩০.০০ | ১২৩.২৩ | ২১৬ |
| | মোট= | ২৫১ জন | ৪৭৪.০০ | ২৫৯.৭০ | ৪৯৮টি |

## বার্ষিক কার্যক্রমের সার্বিক চিত্রঃ

ইউএনও, নাটোর সদর, নাটোর  মহোদয় কর্তৃক আশ্রয়ন প্রকল্পের ঋণের চেক বিতরণের চিত্র।



৫২তম জাতীয় সমবায় দিবসের ছবি।






৫১তম জাতীয় সমবায় দিবসের চিত্র।









৫০তম জাতীয় সমবায় দিবসের ছবি।



উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর এর ভ্রাম্যমাণ প্রশিক্ষণের চিত্র।




দিন ব্যাপি ভ্রাম্যমাণ
প্রশিক্ষণ
অংশগ্রহনে : বিভিন্ন সমবায় সমিতির সদস্য বৃন্দ
আয়োজনে : ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট, জেলা সমবায়
সার্বিক ব্যবস্থাপনায় : উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর,






সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিরি মাসিক যৌথ সভার চিত্র :





## উপজেলা সমবায় কার্যালয়, নাটোর সদর, নাটোর কর্তৃক প্রদত্ত সেবা সমূহ :

সেবা সমূহঃ ১) বিভিন্ন সরকারী প্রকল্প যেমন আশ্রয়ন, আশ্রয়ন ফেইজ-২ ও আশ্রয়ন -২ প্রকল্পের ও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এবং সি.আই.জি প্রকল্পের আওতাধীন সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়।

২) সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০৪, ২০১৩) এর আওতায় ০৩ শ্রেনীর প্রাথমিক, জাতীয়, জাতীয় পর্যায়ের এবং কেন্দ্রীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য সুপারিশ করা হয়।

৩) সকল প্রকার সমবায় সমিতির অডিট কার্যক্রম করা হয়।

৪) ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদানের ব্যবস্থা করা হয়।

৫) বাংলদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লাসহ দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ৮ টি আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট এর মাধ্যমে সেলাই, ব্লক বাটিক, মৎস্য চাষ, গবাদী পশু পালন, অফিস ব্যবস্থাপনা, নেতৃত্বের বিকাশ, কম্পিউটার অ্যাপ্লিকেশন, অডিটিং, নার্সারী প্রকল্পসহ বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন গ্রহনের নিমিত্তে সমবায়ীদেরকে প্রেরন করা হয়।

৬) সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠানে সার্বিক সহায়াতা প্রদান করা হয়।

৭) সমবায় সমিতিতে উদ্ভূত উপজেলা পর্যায়ে নিষ্পতিযোগ্য অভিযোগের বিষয়ে সুনানী গ্রহণ ও নিস্পত্তি করা হয়।

৮) সমবায় সমিতিতে উদ্ভূত জেলা, বিভাগীয় বা জাতীয় পর্যায়ে নিষ্পতিযোগ্য অভিযোগের বিষয়ে সুপারিশ করন ।

৯) আশ্রয়ন প্রকল্প, আশ্রয়ন ফেইজ-২ প্রকল্প এবং আশ্রয়ন-২ প্রকল্পের সদস্যগনকে স্বাবলম্বীকরনের উদেশ্যে তাদের মাঝে ঋণ কার্যক্রম পরিচালনা করা হয়।

১০) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা, যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী এবং জেলা সমবায় অফিসার, নাটোর কর্তৃক আদেশিত অন্যান্য কার্য সম্পাদন।

১৪/১০/২৪
(মঞ্জিরা পারভীন)
উপজেলা সমবায় অফিসার
নাটোর সদর, নাটোর।